# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

১। দেশের কয়েকটি রাজ্যের ভোটার তালিকার পুনর নিরিক্ষণ ( এস আই আর ) এবং মণিপুরের জি এস টি বিল সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধি পক্ষের সৃষ্টি করা হইহট্টগোল পরিস্থিতির জন্য সংসদের শীতকালীন অধিবেশনের আজ প্রথমদিনের কাজকর্ম স্থগিত ।

২। নাগালেন্ডের কোহিমায় আজ থেকে ১০ দিন ব্যাপী হর্ণবিল মহোৎসব ।

৩। শিলচর রেল ষ্টেশন থেকে অত্যাধুনিক  এল এইচ বি কোচের কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেনের যাত্রা শুরু ।

এবং

৪ । দ্বিতীয় আসাম গ্রন্থমেলা আজ থেকে শিলচরে আরম্ভ ।

-----------------------------------------------------------------------------------

দেশের বেশ কয়েকটি রাজ্যে ভোটার তালিকার পুনর নিরিক্ষণ ( এস আই আর ) এবং মণিপুরের জি এস টি বিল সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধি পক্ষের সৃষ্টি করা হইহট্টগোল পরিস্থিতির জন্য সংসদের শীতকালীন অধিবেশনের আজ প্রথমদিনের কাজকর্ম স্থগিত রাখা হয় । বেলা ১১ টায় লোকসভার কাজকর্ম শুরু হওয়ার পর অধ্যক্ষ ওম বিড়লা সদ্য প্রয়াত অভিনেতা ধর্মেন্দ্র , অবসরপ্রাপ্ত কর্ণেল সোনারাম চৌধুরী , অধ্যাপক বিজয় কুমার মালহোত্রা এবং রবি নায়েকের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন । এরপর প্রশ্নোত্তরকাল শুরু হওয়ার সঙ্গে সঙ্গে বিরোধীদলের সদস্যরা এস আই আর সহ অন্যান্য বিষয়ের প্রতিবাদে  স্লোগান দিতে থাকে এবং এই বিষয়গুলো নিয়ে সংসদে আলোচনা করার দাবী জানায় । অধ্যক্ষ ওম বিড়লা সদস্যদের সংযত হওয়ার আহ্বান জানানো স্বত্বেও বিরোধিদলের সদস্যরা প্রতিবাদ অব্যাহত রাখলে অধ্যক্ষ লোকসভার কাজকর্ম প্রথমে বেলা ১২ টা পর্যন্ত স্থগিত রাখার নির্দেশ দেন পরে সভা পুনরায় শুরু

হলেও অনুরূপ পরিস্থিতি অব্যাহত থাকায় দিনটির জন্য সভা স্থগিত রাখা হয় । বিরোধীদের প্রতিবাদের মধ্যেই অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ মণিপুর পণ্য ও পরিষেবা কর দ্বিতীয় সংশোধনী বিল ২০২৫ এবং কেন্দ্রীয় আবগারী সংশোধনী বিল ২০২৫ উত্থাপন করেন । এই আবগারী সংশোধনী বিলটির মাধ্যমে তামাক জাতিকয় সামগ্রীর ওপর অধিক আবগারী শুল্ক আরোপ করা হবে ।
এদিকে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ রাজ্যসভার সভাপতি হিসেবে কার্যভার গ্রহণ করেছেন ।

-------------------------------------------------------------------------------------

দশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও আজ বিশ্ব এইডস দিবস পালন করা হয়েছে । আসাম রাজ্য এইডস নিয়ন্ত্রণ সমিতির উদ্যোগে গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব আর্ন্তজাতিক প্রেক্ষাগৃহে কেন্দ্রীয়ভাবে বিশ্ব এইডস দিবসের মূল কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে । এবার এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে--- #বাধা অতিক্রম করা এইডসের বিরুদ্ধে আসুন লড়াই করি #  । আজকের কেন্দ্রীয়  কার্যসূচীর মূল লক্ষ্য ছিলো এইচ আই ভি /এইডস নির্মূলে অঙ্গীকার পুর্নব্যাক্ত করা এবং রাজ্যের বিভিন্ন জেলা ও বাস্তবায়নকারি সংস্থার অসামান্য উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি প্রদান । অনুষ্ঠানের অংশ হিসেবে গত ১২ আগস্ট থেকে ৩১ শে অক্টোবর পর্যন্ত আসামের ২৫ টি জেলায় পরিচালিত ইনটেনসিফাইড আই ই ই সি ক্যাম্পনে শ্রেষ্ঠত্ব প্রদর্শনকারী ১৩ টি জেলাকে সেরা জেলা হিসেবে নির্বাচিত হয়েছে । এরমধ্যে দিশা ক্লাস্টারের অধীনে থাকা কাছাড় ও হাইলাকান্দি জেলাকে আই ই ই সি ক্যাম্পেনে অসাধারণ প্রদর্শনের জন্য সম্মানিত করা হয় । কাছাড় ও হাইলাকান্দির পক্ষে  পুরস্কার গ্রহণ করেন দিশা ক্লাসটারের ক্লাস্টার প্রোগ্রাম ম্যানেজার অনুপ কুমার দত্ত ।
এইডস থেকে নিজেকে রক্ষা করা সহ সমাজে এইডসের সচেতনতা বৃদ্ধি করে এইডস নির্মূল করার জন্য প্রতি বছর এই অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

-------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ বিশ্ব এইডস দিবস উপলক্ষ্যে সচেতনতা র‍্যালী ও সভার আয়োজন করা হয়েছে । জেলার যুগ্ম সঞ্চালক ডক্টর মতীন্দ্র সূত্রধর র‍্যালীর সূচনা করেন । পরে করিমগঞ্জ সিভিল হাসপাতালের সভাকক্ষে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

আজ নাগালেন্ডের ৬৩তম প্রতিষ্ঠা দিবস । ১৯৬৩ সালের পয়লা ডিসেম্বর দেশের ষোড়শ রাজ্য হিসেবে নাগালেন্ড প্রতিষ্ঠা হয়েছিলো । কোহিমায় আজ মূখ্যমন্ত্রী

নেফিউরিওর উপস্থিতিতে প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । রাজ্যপাল অজয় কুমার ভাল্লা প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । তিনি ১৯৬৩ সালথেকে এপর্যন্ত রাজ্যের নেতাদের দূরদর্শী নেতৃত্বকে স্মরণ করেন । রাজ্যপাল নাগালেন্ডবাসীকে শান্তি, উন্নয়ন তথা একতার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে সকলকে রাজ্যের ভবিষ্যত নির্নয় করতে অংশীদার হবার আহ্বান জানান ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগালেন্ডের জনসাধারণকে রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় শ্রীমতি মুর্মু রাজ্যেটি বর্ণাঢ্য সংস্কৃতি এবং প্রাকৃতিক সম্পদে ভরপুর বলে উল্লেখ করে বলেন যে এর জনজাতীয় বৈচিত্র এবং অনন্য ঐতিহ্য সর্বদা গৌরবের উৎস হয়ে থাকবে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগা সংস্কৃতিতে আলোকপাত করে এই সংস্কৃতি সেবা , সাহসিকতা ও সহমর্মিতার প্রতীক বলে উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------------

নাগালেন্ডের কোহিমায় কিসামা গ্রামে আজ ২৬ তম হর্নবিল মহোৎসব আরম্ভ হয়েছে । ১০ দিন ব্যাপী এই মহোৎসবে রাজ্যের লোক কথা ,শিল্প,খাদ্য সম্ভার ইত্যাদির মাধ্যমে সাংস্কৃতিক প্রদর্শন করা হবে । কিসামা গ্রামের ইউনিটি প্লাজায় আজ বিকেলে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে রাজ্যপাল অজয় কুমার ভাল্লা মূখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । এবছর ব্রিটেন ,আয়ারলেন্ড ,ফ্রান্স ,অস্ট্রিয়া ,মালটা ও সুইজারলেন্ড সহযোগী দেশ হিসেবে এবং অরুণাচল প্রদেশ সহযোগী রাজ্য হিসেবে যোগদান করছে । প্রায় দুই দশক পূর্বে  পর্যটনের পদক্ষেপ হিসেবে আরম্ভ করা হর্নবিল মহোৎসব বর্তমানে বিশ্বের অন্যতম আকর্ষনীয় সাংস্কৃতিক মহোৎসব হিসেবে পরিগণিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর - শেয়ালদা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ট্রেন আজ থেকে নতুন আধুনিক লিংক - হফমেন- বুশ ( এল এইচ বি ) কোচ নিয়ে যাত্রা শুরু করেছে । রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ আজ শিলচর রেলষ্টেশনে পতাকা নেড়ে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের নতুন এল এইচ বি কোচ নিয়ে যাত্রার উদ্বোধন করেন । অনুষ্ঠানে বিধায়ক দীপায়ন চক্রবর্তী , নিহার রঞ্জন দাস সহ বহু বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে ভাষণ দিয়ে সাংসদ শ্রী পুরকায়স্থ বলেন যে ২০১৪ সাল থেকে দক্ষিণ আসামের যোগাযোগ ব্যবস্থায় যথেষ্ট পরিবর্তন হয়েছে ।৭৮ বছর পর মিজোরাম রেল মানচিত্রের সঙ্গে যুক্ত হয়েছে বলে উল্লেখ করে শ্রী পুরকায়স্থ বলেন যে এল এইচ বি কোচ সংযোজনের ফলে

যাত্রীদের জল , বিদ্যুৎ , এসি সহ অন্যান্য সমস্যার সমাধান হবে এবং যাত্রীরা অধিক আরামদায়ক ভ্রমন করতে সক্ষম হবেন ।তিনি আরও জানান যে শিলচর - গুয়াহাটী পেসেঞ্জার ট্রেন , শিলচর -রঙ্গিয়া এক্সপ্রেস সহ অন্যান্য রেলের কোচ এল এইচ বি তে রূপান্তরিত করার জন্য ইতিমধ্যে রেল মন্ত্রীর কাছে অনুরোধ জানানো হয়েছে ।শিলচর - দেওঘর একটি নতুন ট্রেন এবং শিলচর - ধর্মনগরের মধ্যে দৈনিক ট্রেন চলাচলের ব্যবস্থা করার জন্য রেলমন্ত্রীর কাছে অনুরোধ জানিয়েছেন বলে তিনি জানান ।

-------------------------------------------------------------------------------------

দ্বিতীয় আসাম গ্রন্থমেলা আজ থেকে শিলচরে আরম্ভ হয়েছে । আসাম প্রকাশন পরিষদের উদ্যোগে স্থানীয় পুলিশ প্যারেড খেলার মাঠে আয়োজিত এই গ্রন্থমেলা ১০ ডিসেম্বর পর্যন্ত চলবে ।গ্রন্থমেলার উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু , বিশিষ্ট সাহিত্যিক ও সাংবাদিক তথা কোলকাতা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের প্রাক্তন অধ্যাপক পার্থ চ্যাটার্জী ,গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড.নিরঞ্জন রায় এবং অসম প্রকাশন পরিষদের সচিব প্রমোদ কলিতা , শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী এবং উত্তর শ্রীভূমির বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ । উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু বলেন যে সভ্যতার ইতিহাস গ্রন্থের মাধ্যমে সংরক্ষিত রয়েছে । তিনি বলেন যে বই মনকে শান্ত ও ভারসাম্য রক্ষা করতে সহায়তা করে । তিনি ছোট থেকে বই পড়ার অভ্যাস গড়ে তোলার আহ্বান জানান । বিশিষ্ট সাহিত্যিক পার্থ চট্টোপাধ্যায় বলেন বই মানব জাতির চিন্তা শক্তির বিকাশ ঘটিয়েছে । বইয়ের সঙ্গে স্মৃতি ,বোধশক্তি এবং মূল্যবোধ গভীরভাবে যুক্ত বলে উল্লেখ করে তিনি বইকে বাঁচিয়ে রাখার আহ্বান জানান ।

উল্লেখ্য এবারের গ্রন্থমেলায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে মোট ৩১ জন প্রকাশক এবং গ্রন্থ বিক্রেতা অংশগ্রহণ করেছেন । মেলায় ২৫ টি স্টল রয়েছে এবং জুবিন গার্গ স্মৃতি মঞ্চে আলোচনা সভা ,সাহিত্য মেলা ইত্যাদি কার্যসূচীরও আয়োজন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষামন্ত্রী ডাক্তার রণোজ পেগু আজ প্রথমবারের মতো শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন । এউপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে একটি মত বিনিময় সভার আয়োজন করা হয় । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় শিক্ষামন্ত্রী ডাঃ পেগু বিশ্ববিদ্যালয়ের সর্বাঙ্গীন শৈক্ষিক পরিবেশ , পরিকাঠামোগত উন্নয়ন এবং প্রশাসনিক কাজকর্ম সর্ম্পকে অবগত হয়েছেন । শিক্ষামন্ত্রী জানান যে খুব শীঘ্রই বিশ্ববিদ্যালয়ের কাছে নতুন ক্যাম্পাসের জমি হস্তান্তর

করা হবে । শিক্ষামন্ত্রী গবেষনামূলক কর্মকান্ডকে আরো গতিশীল করার উপর গুরুত্ব আরোপ করেন ।

------------------------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষা ও সমতল উপজাতি কল্যান বিভাগের মন্ত্রী ডাক্তার রনোজ পেগু আগামীকাল শ্রীভূমি জেলা সফরে আসছেন । মন্ত্রী ডাক্তার পেগু আগামীকাল সকাল ১০টায় শ্রীভূমি শহরে পৌছে ট্রাইবাল স্টুডেন্ট হোস্টেল পরিদর্শন করবেন । এরপর তিনি জেলার দসদেওয়া খাসিপুঞ্জী গ্রাম পরিদর্শন করবেন । মন্ত্রী আগামীকাল বিকেল তিনটায় শ্রীভূমিতে বরাক উপত্যকার জনজাতিদের এক অনুষ্ঠানে অংশগ্রহন করবেন । আগামী বুধবার সকাল ৯টায় তিনি খাগরা বাজার গ্রাম পরিদর্শন করে কাছাড় জেলার ফুলেরতলের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

------------------------------------------------------------------------------------------------

শ্রীভুমি পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে আজ আসাম-ত্রিপুরা সীমান্ত এলাকার চূড়াইবাড়ীতে একটি লরী থেকে ৬৭ টি প্যাকেট থেকে তিন কুইন্টাল ৭৬ কিলোগ্রাম শুকনো গাঁজা উদ্ধার করেছে । পুলিশ জানিয়েছে নেশা জাতীয় সামগ্রীগুলি ত্রিপুরা থেকে মেঘালয়ে সরবরাহ করার পরিকল্পনা ছিল এবং উদ্ধার হওয়া সামগ্রীর বাজার মূল্য প্রায় দু কোটী টাকা হবে বলে জানানো হয়েছে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে লরী চালককে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার বিদ্যালয়গুলিতে প্রধানমন্ত্রী পোষন এবং বাল বাটিকা প্রকল্পের জন্য অক্টোবর ,নভেম্বর ও ডিসেম্বর মাসের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে আরো জানানো হয়েছে যে এই চাল অক্টোবর মাসের জন্য ২১ দিনের , নভেম্বর মাসের জন্য ২৩ দিনের এবং ডিসেম্বর মাসের জন্য ২৫ দিনের চাল বরাদ্দ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------